



তথ্যবিবরণী

নম্বর-১৭৪

## রাজশাহীতে তারুণ্যের উৎসব উদযাপন উপলক্ষ্যে ভ্রাম্যমান সংগীতানুষ্ঠান অনুষ্ঠিত

রাজশাহী; ১২ মাঘ (২৬ জানুয়ারি):

তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে রাজশাহী নগরীতে দিনব্যাপী ভ্রাম্যমান সংগীতানুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (২৬ জানুয়ারি) সকালে জেলা তথ্য অফিস আয়োজিত এ সংগীতানুষ্ঠানের উদ্বোধন করা হয়। জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে প্রধান অতিথি হিসেবে এ অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা প্রশাসক আফিয়া আখতার।

উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় আফিয়া আখতার বলেন, আজকে যে নতুন স্বাধীনতা আমরা উপভোগ করছি সেই স্বাধীনতার কারিগর হচ্ছে তরুণরা। আমাদের সকলের দায়িত্ব, তরুণরা যে আমাদের ভবিষ্যত সেটা তাদেরকে ভালোভাবে উপলব্ধি করানো।

তিনি বলেন, তরুণরা যে কাজ করছে সেই কাজগুলোকে আরও এগিয়ে নিতে হবে। দেশকে সুন্দরভাবে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তরুণদেরকে সঠিকভাবে পরিচালনা করতে হবে। সেজন্য বাংলাদেশে আমরা একযোগে তারুণ্যের উৎসব উদযাপন করছি এবং দেশ বদলানোর কারিগরদের উৎসাহ দিচ্ছি।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক মোহা. যোবায়ের হোসেন, উম্মে কুলসুম সম্পা, টুকটুক তালুকদার, মো. মহিনুল হাসান, জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরিন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কসহ বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক-শিক্ষার্থী এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

.....

তৌহিদ/আতিক/আলীম/রুহুল/কনক/হালিম/২০২৫/১৩.০০ঘ.